[illegible]

তারিখ 05 JUL 2015
পৃষ্ঠা ২ কলাম ৬

# বুয়েটের বাজেট ঘোষণা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ২০১৫-১৬ অর্থবছরের জন্য ১০৮ কোটি ৮০ লাখ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। গত ২৮ জুন ফাইন্যান্স কমিটি এবং ৩০ জুন সিন্ডিকেট সভায় ঐ বাজেট অনুমোদিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক খালেদা একরাম।

ঘোষিত বাজেটের মধ্যে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় ৬ কোটি ৭০ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অনুদান ১০২ কোটি ১০ লাখ টাকা। বেতন-ভাতা ও পেনশন খাতে ৮২ কোটি, সাধারণ আনুষঙ্গিক খাতে ১৩ কোটি, শিক্ষা ও গবেষণা খাতে ৮ কোটি ৭০ লাখ এবং মেরামত খাতে ৫ কোটি ১০ লাখ টাকা বরাদ্দ রাখা হয়। সংবাদ বিজ্ঞপ্তি।